AQA

A-level

# BENGALI

Paper 3 Listening, Reading and Writing

# Insert

Text to be used when answering Multi-skill task Question 6.

## Listening

### শিক্ষাব্যয় বৃদ্ধি ও ছাত্রসমাজের ভাবনা

Make your notes below on the key points of the recording.

## Reading

**শিক্ষাব্যয় বৃদ্ধি ও ছাত্রসমাজের ভাবনা**

বাংলাদেশে উচ্চশিক্ষার ক্ষেত্রে শিক্ষার্থীদের ব্যয় বৃদ্ধির প্রতিবাদ করে প্রায়শই ছাত্রসমাজকে আন্দোলনে মুখর হতে দেখা যায়। সরকার কিংবা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ভর্তি ও টিউশন ফি বৃদ্ধির পদক্ষেপ সবসময়ই বিতর্কিত। শিক্ষাব্যয় সংকটে পড়ে অনেক নিম্ন-মধ্যবিত্ত পরিবারের ছেলেমেয়েদেরকে লেখাপড়ার খরচ মেটাতে অতিরিক্ত টিউশনি আর খণ্ডকালীন কাজ করতে হয়। এছাড়াও সামগ্রিক ব্যয় বৃদ্ধিতে অনেক পরিবারের সন্তানদের শিক্ষাজীবন অনিশ্চিত হয়ে পড়ে।

জাতীয় বাজেটে শিক্ষা খাতে অর্থ বরাদ্দ সর্বোচ্চ রাখার দাবী করা হলেও, স্বাধীন বাংলাদেশে তা হয়ে ওঠেনি। বরং ১৯৭২ সালে যেখানে জাতীয় বাজেটের ২১ শতাংশ শিক্ষা খাতে বরাদ্দ ছিলো, সেখানে সাম্প্রতিক বছরগুলোতে সেই বরাদ্দের হার কমে ১০-১২ শতাংশে এসে দাঁড়িয়েছে। শিক্ষা খাতে বরাদ্দের দুই-তৃতীয়াংশ অর্থ ব্যয় হয় শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা প্রদানে আর বাকি এক-তৃতীয়াংশ ব্যয় হয় শিক্ষার উন্নয়নে। শিক্ষার মানোন্নয়ন করতে হলে বেতন-ভাতার চেয়ে উন্নয়ন খাতে বরাদ্দের পরিমাণ বেশি রাখাটা যুক্তিসঙ্গত।

অন্যদিকে বাংলাদেশে বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষকদের বেতন পৃথিবীর মধ্যে নিম্নতম কয়েকটি দেশের তালিকায়। প্রতিবেশী দেশ ভারত ও পাকিস্তানের তুলনায় বাংলাদেশের শিক্ষকদের বেতন শতকরা ৩০ থেকে ৫০ ভাগ কম। এই বেতন বৈষম্যের কারণে আর্থিক স্বচ্ছলতা নিশ্চিত করতে অনেক শিক্ষকই নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের সান্ধ্যকালীন কোর্সগুলোতে পড়ানো ও অন্যান্য বিশ্ববিদ্যালয়ে খণ্ডকালীন শিক্ষকতা করাকে বেশি গুরুত্ব দিচ্ছেন। এতে করে তাঁদের প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা শিক্ষকদের যথাযথ মনোযোগ পেতে ও মানসম্মত শিক্ষার অধিকার থেকে বঞ্চিত হচ্ছে।

মানসম্মত শিক্ষাদানে বিশ্ববিদ্যালয়ে যোগ্য ও মেধাবী শিক্ষক থাকা প্রয়োজন। বর্তমান প্রেক্ষাপটে যেহেতু শিক্ষকতা পেশায় আর্থিক স্বচ্ছলতা কম, তাই অনেক মেধাবী শিক্ষার্থী শিক্ষকতায় আসতে উৎসাহ পাচ্ছে না। তাদের মধ্যে অনেক তরুণই অন্য পেশায় যোগ দিচ্ছে বা বিদেশে পাড়ি জমাচ্ছে।

আজকের তরুণেরাই ভবিষ্যতে দেশ ও সমাজকে পরিচালনা করবে। মানসম্মত শিক্ষার মাধ্যমে দক্ষ জনসম্পদ তৈরি করে তাদের উন্নত সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিকভাবে সমৃদ্ধ জীবন নিশ্চিত করার দায়িত্ব রাষ্ট্রের। সে লক্ষ্যে আমাদের সকলকেই ঐক্যবদ্ধ হতে হবে।

## Reading

Make your notes below on the key points of the reading text.

**Copyright information**

For confidentiality purposes, all acknowledgements of third-party copyright material are published in a separate booklet. This booklet is available for free download from www.aqa.org.uk after the live examination series.

Copyright © 2022 AQA and its licensors. All rights reserved.